



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/9/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল কুইন্সে গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে বরাবর সাতটি ব্রিজ সংস্কারের জন্য 161 মিলিয়ন ডলারের একটি প্রকল্প শুরু করার ঘোষণা প্রদান করেছেন

ইউনিয়ন টার্নপাইক ও কমনওয়েলথ বুলেভার্ডের মাঝামাঝি মূল ক্রসিংয়ের জন্য নতুন কংক্রিট ডেক, ব্যারিয়ার, কাঠামোগত স্টিলগুলোর সংস্কার এবং অন্যান্য আপগ্রেডসমূহের পরিকল্পনা করা হয়েছে

প্রকল্পটি দীর্ঘমেয়াদী রক্ষণাবেক্ষণ খরচ কমিয়ে আনে, নিরাপত্তা বৃদ্ধি করে এবং মূল করিডোর বরাবর সেতুগুলির পরিষেবার সময় সীমা বৃদ্ধি করে

আজকে ইউনিয়ন টার্নপাইক এবং কুইন্সের কমনওয়েলথ বুলেভার্ডের মধ্যকার গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে বরাবর সাতটি ব্রিজ সংস্কারের জন্য গভর্নর ক্যাথি হোকল 161 মিলিয়ন ডলারের প্রকল্পটি শুরু করার ঘোষণা দিয়েছেন। বিপাটিসান ইন্সফ্রাকচার ল এর সমর্থিত প্রকল্পটি অবকাঠামোর তিনটি স্থানে কংক্রিটের সেতুর ডেক প্রতিস্থাপন করবে এবং সেই সাথে বাকি সবগুলো ক্রসিংয়ে গুরুত্বপূর্ণ সংস্কার ও অবকাঠামোগত উন্নয়ন করবে। এটি প্রতিদিন প্রায় 300,000 যানবাহন পরিচালনাকারী একটি গুরুত্বপূর্ণ ভ্রমণ করিডোর বরাবর সুরক্ষা বাড়িয়ে তুলবে এবং গতিশীলতা এবং স্থিতিস্থাপকতাকে উন্নত করে তুলবে। প্রকল্পটি 1970 এর দশকে নির্মিত প্রতিটি কাঠামোর পরিষেবার সময়সীমাকে 40 বছর পর্যন্ত বাড়িয়ে দেবে এবং দীর্ঘমেয়াদী রক্ষণাবেক্ষণের খরচ কমিয়ে আনবে।

“আরো নির্ভরযোগ্য, স্থিতিস্থাপক পরিবহন নেটওয়ার্ক তৈরি করা আমাদের স্টেটের সমৃদ্ধি এবং উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ একটি বিষয়,” **গভর্নর হোকল বলেন।** “নিউ ইয়র্ক সিটির সবচেয়ে গুরুত্বপূর্ণ ভ্রমণ করিডোরগুলির মধ্যে একটি হলো গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে এবং এই ব্রিজগুলোর সংস্কার এটা নিশ্চিত করতে সহায়তা করবে যে এটি আগামী কয়েক দশক ধরে নিউ ইয়র্কবাসীদের জন্য চলাচলের উপযুক্ত থাকবে।”

প্রকল্পটি উইনচেস্টার বুলেভার্ড ও ক্রস আইল্যান্ড পার্কওয়ে, ভ্যান্ডারবিল্ট পার্কওয়ের উপর দিয়ে গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে পর্যন্ত যাতায়াতের ব্রিজগুলির কংক্রিটের ব্রিজের ডেক, পায়ে হাঁটার অংশ এবং স্টিলের বিয়ারিংগুলি পরিবর্তন করবে; এবং নর্থব্যাউন্ড ক্রস আইল্যান্ড পার্কওয়ে থেকে ওয়েস্টব্যাউন্ড গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে পর্যন্ত রাস্তা পরিষ্কার করবে। এছাড়াও, অবকাঠামোর স্টিলের বিম এবং পিয়ার কলাম এবং অ্যাবটমেন্টের কংক্রিটের সংস্কার করা হবে। অবকাঠামোর

স্টিলে নতুন করে পেইন্ট করা হবে এবং সেতুর রেলিংগুলো কংক্রিটের বেরিয়ার দিয়ে পরিবর্তন করা হবে।

বাকি চারটি ব্রিজ সংস্কার করা হবে এবং সেগুলোর সার্বিক অবস্থার উন্নয়ন করা হবে এবং সেগুলোর উপর দিয়ে চলাচলের মেয়াদকাল বৃদ্ধি করা হবে। এগুলোর মধ্যে ইউনিয়ন টার্নপাইকের উপর গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে বহনকারী ব্রিজ, নর্থবাউন্ড এবং সাউথবাউন্ড ক্রস আইল্যান্ড পার্কওয়ের উপর ওয়েস্টবাউন্ড গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে সার্ভিস রোড বহনকারী দুটি ব্রিজ এবং সাউথবাউন্ড ক্রস আইল্যান্ড পার্কওয়ে থেকে অ্যালি পল্ড রোড ধরে উস্টবাউন্ড গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে পর্যন্ত র‍্যাম্প অন্তর্ভুক্ত রয়েছে।

2025 সালের শেষের দিকে সমাপ্তির সময় নির্ধারণ করা এই প্রকল্পটিতে ডিজাইন-বিল্ড ডেলিভারি পদ্ধতি ব্যবহার করা হয়েছে এবং এখানে চূড়ান্ত নকশা এবং নির্মাণ উভয়ই সুনামধন্য ডিজাইন-বিল্ড টিমের মাধ্যমে করা নির্ধারণ করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন কমিশনার মেরি থেরেসি ডমিনগুয়েজ বলেন, “গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ের মতো গুরুত্বপূর্ণ পরিবহন অবকাঠামো প্রকল্পগুলিতে গভর্নর হোকলের অব্যাহত বিনিয়োগ নিউ ইয়র্কের নতুন প্রজন্মকে সুযোগ সুবিধা প্রদান করবে এবং আগামী কয়েক দশক ধরে এটি সিটি ও স্টেটের লোকজন ও পণ্য সামগ্রীর চলাচলের সুবিধা প্রদান করবে।”

প্রতিনিধি গ্রেস মেং বলেন, “কুইন্সের ভারী যানবাহন চলাচলের একটি করিডোর হলো গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে এবং এটির স্থিতিশীলতা নিশ্চিত করতে এবং যারা এই প্রসারিত হাইওয়ে ব্যবহার করে তাদের সকলের জন্য এই আপগ্রেডসমূহ নিরাপত্তা এবং গতিশীলতা বৃদ্ধির মূল চাবিকাঠি। রিজিওনাল লিডারশিপ কাউন্সিলে নিউ ইয়র্কের প্রতিনিধি হিসাবে - যিনি একাধারে প্রেসিডেন্ট বাইডেনের স্বাক্ষরিত আইনের প্রচার এবং বাস্তবায়নের জন্য কাজ করেন - আমি কংগ্রেসে পাস করতে সাহায্য করেছি এমন বিপার্টিসান ইন্সফ্রাকচার ল থেকে আমার কংগ্রেসনাল ডিস্ট্রিক্টে অর্থ আসতে দেখে খুব ভালো লাগছে।”

কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনোভান রিচার্ডস বলেন, “আমাদের বরোর পরিবহন পরিকাঠামোর চলমান উন্নতির ক্ষেত্রে গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে বরাবর এই সাতটি ব্রিজের সংস্কার হবে আরো একটি বড় মাপের পদক্ষেপ। এই জটিল গুরুত্বপূর্ণ প্রকল্পের কারনেই গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে ব্যবহারকারী মোটরচালকরা কয়েক দশক ধরে নিরাপদ এবং আরামদায়কভাবে গাড়ি চালানোর অভিগুতা লাভ করবেন। আমি গভর্নর ক্যাথি হোকল এবং স্টেটের পরিবহন কমিশনার মেরি থেরেসি ডমিনগুয়েজকে কুইন্সকে গুরুত্বের সাথে দেখার জন্য ধন্যবাদ জানাই।”

NYC কাউন্সিল মেম্বার লিন্ডা লি বলেন, “আমি গভর্নর হোকলের এই গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ে বরাবর অবকাঠামোতে বিনিয়োগের প্রশংসা করি যেটা এই গুরুত্বপূর্ণ রাস্তায় নিরাপত্তাকে উন্নত করবে এবং যানজটকে কমিয়ে ফেলবে। আমি ইস্টার্ন কুইন্সের অনেক বাসিন্দার জন্য পরিবহন অপশন সীমিত করা সহ পরিবহন প্রবাহ বাড়াতে এবং আমাদের আশেপাশের যাত্রীদের

জীবনযাত্রার মান উন্নত করার এই বোঝা কমাতে আমাদের স্থানীয় রাস্তা এবং হাইওয়েগুলির
ক্রমাগত আধুনিকায়ন দেখে দারুন ভাবে আনন্দিত।”

###

আলরো সংোদ পোওয়ো যোলে এখোলর্ www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)